দৈনিক সংবাদ

তারিখ AUG 11 2002
পৃষ্ঠা ১২ কলাম ৫

শামসুন্নাহার হলের ঘটনা

# স্বরাষ্ট্রমন্ত্রী ও প্রতিমন্ত্রীকে তদন্ত কমিশনে তলব করার দাবি

নিজস্ব বার্তা পরিবেশক : শামসুন্নাহার হলে পুলিশি অভিযানের নির্দেশ দেয়ার অভিযোগ এনে স্বরাষ্ট্রমন্ত্রী ও স্বরাষ্ট্র প্রতিমন্ত্রীকে বিচার বিভাগীয় তদন্ত কমিশনে তলব করে জিজ্ঞাসাবাদের দাবি জানিয়েছে বাংলাদেশ ছাত্রলীগ (জাসদ)।

শনিবার বিচার বিভাগীয় তদন্ত কমিশনের কার্যালয়ে নায়েম ভবনের সামনে সংগঠনের সভাপতি করিম শিকদারের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তারা আরও বলেন, সকল ধরনের রাজনৈতিক চাপের ঊর্ধ্বে উঠে বিচার বিভাগীয় তদন্ত কমিশনকে স্বচ্ছতা ও নিরপেক্ষতা বজায় রাখতে হবে। সমাবেশে সংগঠনের পক্ষ থেকে ১২ দফা দাবি পেশ করা হয়। এসব দাবির মধ্যে রয়েছে ২৩শে জুলাই ঘটনার পরবর্তীতে প্রতিবাদকারী ছাত্রছাত্রী, শিক্ষক-সাংবাদিকদের ওপর পুলিশি নির্যাতনের ঘটনা তদন্ত কমিশনের এখতিয়ারে আনা, পুলিশি অভিযান পরিচালনার আগে ও পরে পুলিশের ওয়ারলেস বার্তা এবং পুলিশ মুভমেন্ট ডায়েরি সিজ করা, সাক্ষ্য প্রদানকারীদের নিরাপত্তা নিশ্চিত করা। অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়া, সকল ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের সাক্ষ্য গ্রহণ করা, পুরো ঘটনার শ্বেতপত্র প্রকাশ করা, নির্যাতিত ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের ক্ষতিপূরণ দেয়া, ছাত্রছাত্রীদের বিরুদ্ধে দায়ের করা সকল মামলা প্রত্যাহার করা এবং দোষীদের বিরুদ্ধে নারী নির্যাতন আইনে মামলা দায়ের করা। সমাবেশে হোসেন মো. তাকসীর, আলী আহসান তরুণ ও সাজ্জাদ হোসেন বক্তব্য রাখেন।